

শেখ হাসিনা সরকারের উপজেলা পরিষদ এর কার্যালয়

সরিষাবাড়ী, জামালপুর

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জেলা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান: ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ

সভার তারিখ: ২৬-১২-২০২২ খ্রিঃ রোজ: সোমবার, সময়: ১১.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের সভায় উপস্থিতি হাজিরা পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমঃ	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	প্রাথমিক বৃত্তি সংক্রান্ত আলোচনা	অত্র উপজেলায় ২০২২ সালের প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাথমিক বৃত্তি পরীক্ষা আগামী ৩০/১২/২০২২খ্রিঃ তারিখ পরীক্ষা অনুষ্ঠিত হবে। অত্র উপজেলায় ২টি কেন্দ্রে ১২২৭জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে বলে উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান। প্রাথমিক বৃত্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে বলে উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন।	আলোচ্য বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২২ যথাযথভাবে সুশৃঙ্খল পরিবেশে গ্রহণের জন্য সভাপতি মহোদয় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।	বাস্তবায়নকারী উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, উপজেলা শিক্ষা অফিসার, সহকারি উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।
০২	বই বিতরণ উৎসব ২০২৩	উপজেলা শিক্ষা অফিসার সরিষাবাড়ী, জামালপুর মহোদয় সভায় উপস্থাপন করেন যে, আগামী পহেলা জানুয়ারি ২০২৩ সারাদেশে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। অত্র উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ে বই পৌঁছানো নিশ্চিত করা হয়েছে। উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে বই পৌঁছানোর জন্য সকল সহকারি উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকদেরকে অবহিত করা হয়েছে।	সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী উপস্থাপিত তথ্যাদি মোতাবেক সকল প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে ছাত্র, অভিভাবক, এসএমসি, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশে বই বিতরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, উপজেলা শিক্ষা অফিসার, সহকারি উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( জেলা আক্তার )

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি  
সরিষাবাড়ী, জামালপুর।

তারিখ: ২৬-১২-২০২২খ্রিঃ।

স্মারক নং- উশিঅ/সরিষা/জামাল/২০২২/ ৯০৬/৩৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৬। অফিস কপি।

( নাহিদা ইয়াসমীন )

উপজেলা শিক্ষা অফিসার  
সরিষাবাড়ী, জামালপুর।



ও

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি  
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা  
সভাপতি : জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ  
সভার তারিখ : ২৬-১২-২০২২ খ্রিঃ, রোজঃ সোমবার, সময় : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রম নং	নাম ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
০১	জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান ( মহিলা ) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
০২	চেয়ারম্যান, মহাদান ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৩	চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৪	চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৫	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য-সচিব	